গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
www.a2i.gov.bd

স্মারক নম্বরঃ ৫৬.৮৩.০০০০.৮০৩.১৯.০০১.২০২৩.১০৮১

তারিখঃ ১৪ নভেম্বর ২০২৩ খ্রি.

বিষয়: জনগনকে সহজে বিচার বিভাগের তথ্যাদি প্রদান সংক্রান্তে দেশের সকল উপজেলা পর্যায়ের ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) এর ফোকাল পার্সন/ মনোনীত উদ্যোক্তাগণের ভার্চুয়াল কর্মশালায় অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, উদ্ভাবনী বাংলাদেশ বিনির্মাণে জনগণের দোরগোড়ায় সহজে, দ্রুত ও স্বল্প ব্যয়ে সকল সেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে বর্তমান সরকার সারা দেশে জেলা এবং উপজেলা প্রশাসনের সার্বিক তত্ত্বাবধানে ৯,৩৯৭ টি ডিজিটাল সেন্টার পরিচালনা করে আসছে। প্রতিষ্ঠার পর থেকে উদ্যোক্তাগণ আধুনিক প্রযুক্তি ব্যবহার করে নাগরিকগণকে বিভিন্ন সরকারি-বেসরকারি সেবাসহ নানাবিধ সেবা প্রদান করে যাচ্ছেন। নাগরিকের ভোগান্তি লাঘবে এবং সেবা সহজীকরণে প্রতিনিয়ত আরো নতুন-নতুন সেবা যুক্ত করার প্রয়াস নেয়া হচ্ছে। এর মধ্যে ডিজিটাল জুডিসিয়ারি সার্ভিসসমূহ অন্যতম এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ। একটি স্মার্ট বিচার বিভাগ বিনির্মাণে এবং বিচারিক তথ্যপ্রাপ্তির অধিকার নিশ্চিতকরণে বিচার বিভাগের অধস্তন আদালতসমূহের জন্য ই-কজলিস্ট, বিচার বিভাগীয় তথ্য বাতায়ন, আমার আদালত মোবাইল অ্যাপ, উত্তরাধিকার ক্যালকুলেটর ইত্যাদিসহ উচ্চাদালতের এবং অন্যান্য বিচারিক প্রতিষ্ঠানের জন্য বিভিন্ন ওয়েব ও অ্যাপ ভিত্তিক সল্যুশন এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম কর্তৃক প্রস্তুত করা হয়েছে। জনগনকে এসকল ওয়েবসাইটের ও মোবাইল অ্যাপের তথ্য প্রদান এবং সকল বিচারিক সেবা প্রাপ্তির তথ্য ও সেবা প্রদান বিষয়ে অবগত করানোর জন্য সরকারের ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। এর মাধ্যমে গ্রামীণ জনপদের তৃণমূল মানুষের দোরগোড়ায় বিচারিক তথ্য ও সেবা নিশ্চিত করা যাবে।

২। সেলক্ষ্যে, আগামি ১৪ নভেম্বর ২০২৩ হতে ০৬ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উপজেলা ফোকাল পার্সন/ মনোনীত উদ্যোক্তাগণের অংশগ্রহনে ৩ ঘন্টা ব্যাপী ভার্চুয়াল কর্মশালা আয়োজন করা হয়েছে। কর্মশালায় সকল উপজেলা থেকে নির্বাচিত ০২ জন উদ্যোক্তা (ইউনিয়ন পরিষদ/পৌরসভা/উপজেলা পরিষদ/জেলা পরিষদ ডিজিটাল সেন্টার) এবং প্রযোজ্য ক্ষেত্রে সিটি কর্পোরেশন ও স্পেশাল ডিজিটাল সেন্টার উদ্যোক্তাগণ অংশগ্রহণ করবেন। তারা পরবর্তীতে অন্যান্য উদ্যোক্তাদের উল্লেখিত সেবা প্রদানে দক্ষতা বৃদ্ধিতে সহায়তা করবেন। অনলাইন প্ল্যাটফর্ম/ ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠিত কর্মশালায় এটুআই প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, বিচার বিভাগের সংশ্লিষ্ট বিচারিক কর্মকর্তাবৃন্দ এবং রিসোর্স পার্সনগণ অংশগ্রহণ করবেন। উক্ত কর্মশালা আয়োজনে এটুআই প্রোগ্রাম কর্তৃক প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হবে।

৩। এমতাবস্থায়, ভার্চুয়াল কর্মশালায় নির্বাচিত ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের অংশগ্রহণ ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। এ বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য জনাব মোঃ মাসুম বিল্লাহ, ন্যাশনাল কনসালটেন্ট, ডিজিটাল ফিন্যান্সিয়াল সার্ভিস এন্ড ডিজিটাল এক্সেস, মোবাইল নম্বর ০১৭১১-১৮১৫৪০ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

১১.১১.২৬


মোঃ মামুনুর রশীদ ভূঞা
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০১৭১১-৫৭২০৩০
pd@a2i.gov.bd


জেলা প্রশাসক (সকল)
[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত জেলা প্রশাসক-শিক্ষা ও আইসিটি)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে
১। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)
২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৩। অফিস কপি

১১.১১.২১


মোঃ মামুনুর রশীদ ভূঞা
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০১৭১১-৫৭২০৩০
pd@a2i.gov.bd

সংযুক্তি: কর্মশালার সিডিউল এবং উপজেলা ভিত্তিক তালিকা:

| নং | বিভাগের নাম | উপজেলা ও সিটি কর্পোরেশনের সংখ্যা | প্রশিক্ষনার্থী সংখ্যা | সম্ভাব্য ব্যাচ সংখ্যা | প্রশিক্ষণের সম্ভাব্য তারিখ |
|---|---|---|---|---|---|
| ১. | বরিশাল | ৪৩ | ৮৬ | ৩ | ১৪-১৫ নভেম্বর |
| ২. | চট্টগ্রাম | ১০৬ | ২১২ | ৭ | ১৫-১৬ ও ১৯-২০ নভেম্বর |
| ৩. | ঢাকা | ৯৩ | ১৮৬ | ৬ | ২১-২৩ নভেম্বর |
| ৪. | খুলনা | ৬০ | ১২০ | ৪ | ২৬-২৭ নভেম্বর |
| ৫. | ময়মনসিংহ | ৩৬ | ৭২ | ৩ | ২৮-২৯ নভেম্বর |
| ৬. | রাজশাহী | ৬৮ | ১৩৬ | ৪ | ২৯-৩০ নভেম্বর ও ৩ ডিসেম্বর |
| ৭. | রংপুর | ৫৯ | ১১৮ | ৪ | ৩-৫ ডিসেম্বর |
| ৮. | সিলেট | ৪২ | ৮৪ | ৩ | ৫-৬ ডিসেম্বর |
| | মোট | ৫০৭ টি | ১,০১৪ জন | ৩৪ টি | |